

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(পরিবহণ শাখা)

অফিস আদেশ নং ০২..... পরিবহণ

তারিখঃ ২৪/০২/২০১৯ খ্রি

বিষয়ঃ অত্র কোর্টের গাড়ী পার্কিং এবং গাড়ীচালকদের জন্য নির্ধারিত পোশাক পরিধান সংক্রান্ত।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অত্র কোর্টের গাড়ী চালকগণ প্রায়ই তাদের নির্ধারিত পোশাক পরিধান করেন না। অনেকে জিন্সের প্যান্ট, টি শার্ট, হাফ হাতা গেঞ্জি ইত্যাদি অশোভনীয় পোশাক পরিধান করে মাননীয় বিচারপতি মহোদয়গণের গাড়ী চালান। অনেক সময় মহোদয়গণ রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ অনুষ্ঠানাদি এবং সুপ্রীমকোর্টের নানা অনুষ্ঠানে গমন করেন। সেখানেও চালকগণ তাদের নির্ধারিত পোশাক পরিধান করেন না। তারা মাননীয় বিচারপতি মহোদয়গণের চালক কিনা তাও বুঝার উপায় থাকেনা ফলে অনুষ্ঠান প্রাপ্তনে গাড়ী নিয়ে প্রবেশের সময় মহোদয়গণ বিব্রতকর অবস্থায় পড়েন।

মাননীয় বিচারপতি মহোদয়গণ-কে কোর্টে আনয়ন করার পর গাড়ীগুলো কোর্টের ভিতরে যত্রতত্র পার্কিং করে চালকগণ এদিক সেদিক ঘোরাফেরা করে। ফলে যে কোন সময় গাড়ী দুর্ঘটনায় পড়তে পারে। ইতোপূর্বে গাড়ী কোর্ট গ্যারেজে পার্কিং এর জন্য গাড়ীচালকদের নোটিশ দেয়া সত্ত্বেও চালকগণ যত্রতত্র গাড়ী পার্কিং করার ফলে কোর্ট প্রাপ্তনে যানজটের সৃষ্টি হয় একারণে মহোদয়গণ অসন্তোষ প্রকাশ করেন।

এমতাবস্থায়, উল্লেখিত অবস্থা নিরসনে অত্র কোর্টের গাড়ীর চালকগণকে নির্ধারিত পোশাক পরিধান এবং গাড়ীসমূহ কোর্টের গ্যারেজে রাখার বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা দেয়া হলোঃ

- ক। গাড়ীর চালকগণকে কর্তব্যরত অবস্থায় অবশ্যই নির্ধারিত পোশাক পরিধান করতে হবে এবং লগবই ব্যক্তিগত কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে প্রত্যয়ন করতে হবে। অন্যথায় তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।
- খ। মাননীয় বিচারপতি মহোদয়গণকে কোর্টে আনয়ন করার পর যদি মহোদয়ের অন্য কোন কাজে গাড়ী কোর্টের বাহিরে না যায় তাহলে গাড়ীগুলো যত্রতত্র পার্কিং না করে অবশ্যই গাড়ীগুলো কোর্ট গ্যারেজে রাখতে হবে।

আদেশক্রমে

মোঃ বুলবুল আহমেদ পাটোয়ারী
সহকারী রেজিস্ট্রার (পরিবহণ)

জ্ঞাতার্থেঃ

- ১। বিজ্ঞ রেজিস্ট্রার, আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। অতিরিক্ত রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৩। ডেপুটি রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৪। একান্ত সচিব, রেজিস্ট্রার জেনারেল, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

কার্যার্থেঃ

- ১। সহকারী রেজিস্ট্রার (পরিবহণ) হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। উল্লেখিত বিষয়টি নজরদারি করার জন্য অনুরোধ করা হলো।
 - ২। ব্যক্তিগত কর্মকর্তা, উভয় বিভাগের মাননীয় বিচারপতি (সকল) বিষয়টি মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর জন্য অনুরোধ করা হলো।
 - ৩। প্রশাসনিক কর্মকর্তা (গ্যারেজ ইনচার্জ) হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। উল্লেখিত বিষয়টি কঠোরভাবে নজরদারি করার জন্য অনুরোধ করা হলো।
 - ৪। গাড়ীচালক, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৫। আইটি শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।